

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন  
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।  
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

জাতীয় স্থানীয় সরকার দিবস উপযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।  
তারিখ : ১৪ ডাঃ ১৪৩০ বঙ্গাব্দ || ৩১ আগস্ট ২০২৩  
সময় : বেলা ৩.৩০ ঘটিকায়  
স্থান : ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক”

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা, ডিএনসিসি জানান যে, আগামী ৫ সেপ্টেম্বর ‘জাতীয় স্থানীয় সরকার দিবস’ উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হলেও অনিবার্য কারণবশত: তাহা ১৪ সেপ্টেম্বর ২০২৩ উদযাপিত হবে। ‘জাতীয় স্থানীয় সরকার দিবস’ উদযাপনের লক্ষ্যে এ বছরের প্রতিপাদ্য-

“সেবা ও উন্নতির দক্ষ রূপকার  
উন্নয়নে-উত্তাবনে স্থানীয় সরকার”


২.০ সভাপতি উল্লেখ করেন যে, প্রথম বারের মতো যথাযথ মর্যাদায় ও আয়োজনে দিবসটি উদযাপিত হতে যাচ্ছে। সংশ্লিষ্ট সকলকে অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে প্রতিপালন এবং মাঠ পর্যায়ে কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়িত হয় সে বিষয়ে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন।

৩.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়;

ক্রম.	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্মকর্তা
১	ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন ১৪ সেপ্টেম্বর দিবস উদযাপন উপলক্ষ্যে ঢাকা শহরের প্রধান সড়কসমূহ ফেস্টুন, ব্যাগারের মাধ্যমে সুসজ্জিত করা হবে। এই দিবস উদযাপন উপলক্ষ্যে বিশেষ পরিচ্ছন্নতা অভিযান ও মশক নিধনের কর্মসূচি গ্রহণ করা হবে। এলইডি ও ডিজিটাল ব্যাপারের মাধ্যমে এ দিবসের প্রতিপাদ্য এবং নির্মিত ডিডিও ডকুমেন্টারী প্রচারের ব্যবস্থা করতে হবে।	প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি প্রধান প্রকৌশলী, ডিএনসিসি প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি
২	স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষ্যে ঢাকা শহরের প্রবেশ মুখে (আবদুল্লাহপুর, গাবতলী, ও মহাখালী বাস টার্মিনাল) দৃষ্টিনন্দন গেইট নির্মাণ করতে হবে।	প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল- ১, ৩ ও ৪, ডিএনসিসি
৩	ঢাকা শহরের এলইডি বোর্ডে স্থানীয় সরকার কর্তৃক প্রদত্ত ডিডিও প্রচারের ব্যবস্থা করতে হবে।	প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি
৪	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিজস্ব উদ্যোগে আগামী ১৭-১৯ সেপ্টেম্বর ২০২৩ ‘জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলার’ আয়োজন করতে হবে।	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি।

৫	গণভবন সজ্জিতকরণের জন্য নিম্নোক্ত ৫ সদস্যবিশিষ্ট কমিটি কে দায়িত্ব প্রদান করা যেতে পারে।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫, ডিএনসিসি
১	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫	সভাপতি
২	সহকারী প্রকৌশলী বিদ্যুৎ, অঞ্চল-৫	সদস্য
৩	সমাজকল্যাণ কর্মকর্তা, অঞ্চল-৫	সদস্য
৪	বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, অঞ্চল-৫	সদস্য
৫	নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-৫	সদস্য সচিব

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 মোঃ সেলিম রেজা  
 প্রধান নির্বাহী কর্মকর্তা  
 ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৩.২০-৬২৮

তারিখ: ০৩/০৯/২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ...../সংরক্ষিত আসন নং ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮. সহকারী প্রকৌশলী বিদ্যুৎ, অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. সমাজকল্যাণ কর্মকর্তা, অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. অফিস কপি।